প্রথম আলো

তারিখ: 09 NOV 2017
পৃষ্ঠা: ৫ কলাম: ৫

### সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির আয়োজন

# সুলতানা কামালকে সম্মাননা প্রদান

নিজস্ব প্রতিবেদক ●

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও মানবাধিকারকর্মী সুলতানা কামালকে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির সোশিওলজি ও জেন্ডার স্টাডিজ বিভাগের উদ্যোগে সম্মাননা দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকালে বিভাগের শিক্ষার্থীদের নিয়ে এই আয়োজন করা হয়।

সম্মাননা অনুষ্ঠানে সুলতানা কামাল শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, কারও প্রতি অন্যায় হলে বিচলিত হতে হবে। বুকে ধাক্কা লাগতে হবে। ধাক্কা না লাগলে মানবাধিকার নিয়ে কাজ করা যাবে না।

নারী অধিকার নিয়ে সুলতানা কামাল বলেন, অধিকার নিয়ে সচেতনতার বিষয়টি পশ্চিমা ধারণা থেকে চাপিয়ে দেওয়া হয়েছে বলে সমালোচনা শুনতে হয়। তিনি বলেন, এ ধারণা ঠিক নয়। নারী অধিকার বিষয়টি এ দেশের নারীদের ভেতর থেকেই এসেছে।

মুক্তিযুদ্ধের সময় সুলতানা কামাল অস্থায়ী একটি হাসপাতালে সেবিকা হিসেবে কাজ করেছিলেন। তিনি বলেন, বন্দুক হাতে যুদ্ধ করার ইচ্ছা থাকলেও তা হয়নি। নিজের মা কবি সুফিয়া কামালকে তাঁর পরিবারের সবচেয়ে বড় মুক্তিযোদ্ধা বলে উল্লেখ করেন তিনি।

অনুষ্ঠানে সুলতানা কামালকে উত্তরীয় পরিয়ে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পারভীন হাসান। আর ক্রেস্ট তুলে দেন সোশিওলজি ও জেন্ডার স্টাডিজ বিভাগের প্রধান মালেকা বেগম। সুলতানা কামালকে সম্মাননা প্রদান প্রসঙ্গে মালেকা বেগম বলেন, 'আমাদের ক্লাসের মধ্যে আমরা যে বিষয়গুলো পড়াই, সে বিষয়ে যাঁরা বিশেষজ্ঞ তাঁদের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করাতে চাই। পাশাপাশি তাঁদের থেকেও শুনে ওই বিষয়কে আরও সমৃদ্ধ করতে চাই।'

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ফেরদৌস আলী বক্তব্য দেন। এ ছাড়া শিক্ষার্থীদের সঙ্গে সুলতানা কামালের প্রশ্নোত্তর পর্ব চলে।